# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
**Bangladesh Water Development Board**


তত্ত্বাবধায়ক প্রকৌশলীর দপ্তর
কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল
পানি ভবন, ব্লক-জি, লেভেল-৬,
৭২ গ্রীনরোড, ঢাকা-১২০৫
ফোন ঃ ০২২২২২৩০০১৫
ই-মেইলঃ director_cpc@yahoo.com

Office of the Superintending Engineer
Contract & Procurement Cell
Pani Bhaban, Block-G, Level-6
72 Green Road, Dhaka-1205
Phone: 02222230015
E-mail: dir.cpc@ bwdb.gov.bd


স্মারক নং- ৪২.০১.০০০০.০০৫.২২.০০২.১৯-১৮০ তারিখঃ ১৫/০৬/২০২২ খ্রিঃ

## সার্কুলার

**বিষয়ঃ বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের আওতায় ম্যানুয়াল পদ্ধতিতে (Offline) স্বল্প মূল্যের পণ্য ও সংশ্লিষ্ট সেবা এবং কার্য ও ভৌত সেবা ক্রয়ের ক্ষেত্রে দরপত্র মূল্যায়ন কমিটি (TEC) গঠন সংক্রান্ত।**

পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ এর বিধি ৮(২) (তফসিল-২) মোতাবেক স্বল্প মূল্যের পণ্য ও সংশ্লিষ্ট সেবা, কার্য ও ভৌত সেবা এবং বুদ্ধিবৃত্তিক ও পেশাগত সেবা ক্রয়ের ক্ষেত্রে ০৩ (তিন) সদস্য বিশিষ্ট দরপত্র/প্রস্তাব মূল্যায়ন কমিটি গঠন করতে হবে যাদের মধ্যে ০১ (এক) জন একই মন্ত্রণালয়, বিভাগ বা সংস্থার অধীনস্থ অপরাপর ক্রয়কারীসমূহের কর্মকর্তাকে মূল্যায়ন কমিটির বহিঃ সদস্য হিসেবে অন্তর্ভূক্ত করতে হবে। পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ এর বিধি ৮(২) তফসিল-২ এ বর্ণিত আর্থিক মূল্যসীমার ক্রয়ের ক্ষেত্রে এরুপ ০৩ (তিন) সদস্য বিশিষ্ট দরপত্র/প্রস্তাব মূল্যায়ন কমিটি গঠন করা যাবে। এখানে উল্লেখ্য যে, পিপিআর-২০০৮ মোতাবেক স্বল্প মূল্যের আর্থিক মূল্যসীমা ক্রয়ের ধরণ এবং ক্রয় পদ্ধতি ভেদে আর্থিক মূল্যসীমার তারতম্য রয়েছে যা পিপিআর-২০০৮ এর বিধি ৮(২) (তফসিল-২) এ বর্ণিত রয়েছে।

২। এমতাবস্থায়, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের আওতায় ম্যানুয়াল পদ্ধতিতে (Offline) স্বল্প মূল্যের পণ্য ও সংশ্লিষ্ট সেবা এবং কার্য ও ভৌত সেবা ক্রয়ের ক্ষেত্রে পিপিআর-২০০৮ এর বিধি ৮(২) (তফসিল-২) মোতাবেক ০৩ (তিন) সদস্য বিশিষ্ট দরপত্র মূল্যায়ন কমিটি (TEC) গঠনপূর্বক দরপত্র মূল্যায়ন প্রক্রিয়া সম্পন্ন করার জন্য নির্দেশনা প্রদান করা হলো।

৩। বর্ণিত দরপত্র মূল্যায়ন কমিটির সদস্যদের নির্বাচন করার ক্ষেত্রে পিপিআর-২০০৮ এর বিধি ৮ (৫) অনুসরণ করা যেতে পারে। উক্ত কমিটি পিপিআর-২০০৮ এর বিধি ৮(২) মোতাবেক তফসিল-২ এ বর্ণিত আর্থিক মূল্যসীমার ক্রয়ের ক্ষেত্রে প্রযোজ্য হবে।

৪। মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের সদয় অনুমোদনক্রমে এ আদেশ অবিলম্বে কার্যকর হবে। **অত্র দপ্তরের স্মারক নং CPC-55/TEC/08/507 তারিখঃ ১২-০৫-২০১০ খ্রিঃ মোতাবেক এ সংক্রান্ত জারীকৃত সার্কুলারের অনুচ্ছেদ-৩ বাতিল বলে গণ্য হবে।**

১৫/০৬/২০২২
(মোঃ আবু বক্কর সিদ্দিক)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল
বাপাউবো, ঢাকা।

স্মারক নং- ৪২.০১.০০০০.০০৫.২২.০০২.১৯-১৮০ তারিখঃ ১৫/০৬/২০২২ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। অতিঃ মহাপরিচালক, পূর্ব রিজিয়ন/পশ্চিম রিজিয়ন/পরিকল্পনা/প্রশাসন/অর্থ, বাপাউবো, পানি ভবন, ঢাকা।
২। প্রধান প্রকৌশলী (সকল)...................................................বাপাউবো।
৩। প্রকল্প পরিচালক (সকল)...................................... বাপাউবো।
৪। সিএসও টু মহাপরিচালক,বাপাউবো, পানি ভবন, ঢাকা ।
৫। সচিব, বাপাউবো, ঢাকা।
৬। তত্ত্বাবধায়ক প্রকৌশলী/পরিচালক (সকল)......................................... বাপাউবো।
৭। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, পানি ভবন, ঢাকা। (বাপাউবো'র ওয়েবসাইটে প্রকাশের জন্য)
৮। নির্বাহী প্রকৌশলী (সকল)...................................................বাপাউবো।
৯। সকল দপ্তর প্রধান......................... বাপাউবো।
১০। দপ্তর কপি ।

১৫.০৬.২২
(মোঃ হালিম সালেহী)
নির্বাহী প্রকৌশলী (পুর)
কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল
বাপাউবো, ঢাকা।